দৈনিক জনকণ্ঠ

22 OCT 2016 ... ৩ কলাম ... ৩

# জাবিতে বিনা বিজ্ঞপ্তিতে নিয়োগ পেলেন তিন শিক্ষকের স্ত্রী ও প্রোভিসির আত্মীয়

**জাবি সংবাদদাতা ॥** বিজ্ঞপ্তি ছাড়াই জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষকের স্ত্রী ও উপ-উপাচার্য অধ্যাপক ড. মোঃ আবুল হোসেনের আত্মীয়সহ চারজনকে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন কার্যালয়ে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ দিয়েছেন উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম। নিয়োগ পাওয়া তিন শিক্ষককের স্ত্রীর মধ্যে রয়েছেন বাংলা বিভাগের সভাপতি ও শহীদ রফিক-জব্বার হলের প্রাধ্যক্ষ অধ্যাপক এ এস এম আবু দায়েনের স্ত্রী আফরোজা রেশমা, একই বিভাগের সহযোগী অধ্যাপক ও মওলানা ভাসানী হলের প্রাধ্যক্ষ নাজমুল হাসান তালুকদারের স্ত্রী নুজহাত নুয়েরী এবং নৃবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মোহাম্মদ নাসির উদ্দিনের স্ত্রী নাজমা আকতার। অপরজন উপ-উপাচার্য অধ্যাপক আবুল হোসেনের আত্মীয় রিফাত জেরিন। পূজার ছুটির আগে ও পরে দুই দফায় এই চারজনকে বিভিন্ন পদে নিয়োগ দেয়া হয়। বিশ্ববিদ্যালয় প্রশাসন সূত্রে জানা গেছে, গত রবিবার প্রশাসনিক ভবনের শিক্ষা শাখায় প্রশাসনিক কর্মকর্তা পদে আফরোজা রেশমা এবং বিশ্ববিদ্যালয় স্কুল ও কলেজের কলেজ শাখায় বাংলা বিভাগের প্রভাষক পদে নুজহাত নুয়েরী যোগদান করেন। অন্যদিকে সেপ্টেম্বরের শেষের দিকে নাজমা আকতার কেন্দ্রীয় গ্রন্থাগারে প্রশাসনিক কর্মকর্তার পদে এবং রিফাত জেরিন ছাত্রকল্যাণ ও পরামর্শদান কেন্দ্রে কর্মকর্তা পদে যোগদান করেন। এর আগেও গত বছর বছরের জুলাই মাসে ঈদের ছুটিতে কোন বিজ্ঞপ্তি ছাড়াই প্রশাসনের বিভিন্ন পদে উপাচার্য অধ্যাপক ড. ফারজানা ইসলাম তার নিজ ক্ষমতাবলে ছাত্রলীগের চার নেতা এবং দুই কর্মকর্তা-কর্মচারীর আত্মীয়কে অস্থায়ী ভিত্তিতে নিয়োগ প্রদান করে বিতর্কিত হন।